

Times Today BD

জেলা প্রতিনিধি | চট্টগ্রাম | 11 May, 2025

নোয়াখালী জেলা জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের নির্বাচনে অ্যাডভোকেট আবদুল হক সভাপতি ও অ্যাডভোকেট রবিউল হাসান পলাশ সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন।

রোববার (১১ মে) বেলা ১১ টা থেকে বিকেল ৩টা পর্যন্ত নোয়াখালী জেলা আইনজীবী সমিতির হলরুমে এ ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়। নির্বাচনে বিএনপি সমর্থিত দুটি প্যানেল নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করেছেন।

সভাপতি পদে অ্যাডভোকেট আবদুল হক পেয়েছেন ১৭০ ভোট, তার নিকটতম প্রতিদ্বন্দ্বী বি.ইউ.এম কামরুল ইসলাম পেয়েছেন ৬৯ ভোট। সাধারণ সম্পাদক পদে অ্যাডভোকেট রবিউল হাসান পলাশ পেয়েছেন ১৭৫ ভোট। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী একেএম বেলায়েত হোসেন পেয়েছেন ৬৪ ভোট।

এদিকে সিনিয়র সহসভাপতি হিসেবে কাজী কবির আহমেদ বিনা প্রতিদ্বন্দ্বীতায় নির্বাচিত হয়েছেন। এছাড়া সিনিয়র যুগ্ম-সাধারণ সম্পাদক পদে এবিএম মাজেদ উদ্দিন, সাংগঠনিক সম্পাদক পদে আশরাফুল মায়মুন বিজয়ী হয়েছেন। নির্বাচনে প্রধান নির্বাচন কমিশনার সিনিয়র আইনজীবী শামছুদ্দিন আহমেদ ও অ্যাডভোকেট আবুল কালাম আজাদসহ পাঁচজন নির্বাচন কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেছেন।

ফলাফল ঘোষণার পর নোয়াখালী জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক অ্যাডভোকেট এবিএম জাকারিয়া, সদস্য সচিব হারুনুর রশীদ আজাদ, বেগমগঞ্জ উপজেলা বিএনপির সভাপতি

কামাখ্যা চন্দ্র দাস, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক মিজানুর রহমান মিজানসহ বিভিন্ন আইনজীবী ও রাজনৈতিক নেতাকর্মীরা বিজয়ীদের ফুলের তোড়া উপহার দিয়ে অভিনন্দন জানান।

উল্লেখ্য, নির্বাচনে ২৮০ জন ভোটারের মধ্যে ২৩৯ জন সদস্য তাদের ভোটাধিকার প্রয়োগ করে।

জাতীয়তাবাদী আইনজীবী আইনজীবী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 14:55

URL: <https://www.timestodaybd.com/chittagong/5308562334>